

**বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী
প্রাইমারিতে কম্পিউটার কোর্স বাধ্যতামূলকভাবে করা হবে**

যাযাদি রিপোর্ট

বাণিজ্যমন্ত্রী লেফটেন্যান্ট কর্নেল (অব.) মুহাম্মদ ফারুক খান বলেছেন, ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়ন করতে ২০১৩ সালের মধ্যে প্রত্যেক উচ্চ মাধ্যমিক স্কুলে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স বাধ্যতামূলক করা হবে। একইভাবে ডিশন ২০২১ সালের মধ্যে প্রত্যেক প্রাইমারি স্কুলে কম্পিউটার কোর্স বাধ্যতামূলকভাবে চালু করা হবে। গতকাল সেনাবাহিনী পরিচালিত বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বাণিজ্যমন্ত্রী বলেন, বাঙালি স্বপ্ন বাস্তবায়ন করতে জানে। সারা বিশ্বে প্রমাণ করছে তারা বীরের জাতি, বুদ্ধিমান এবং সংস্কৃতিমনা। বাঙালি আজ যা চিন্তা করে সারা ভারতবর্ষ তা আগামীতে চিন্তা করে। আজ থেকে ১০০ বছর আগে বেগম রোকেয়া স্বপ্ন দেখেছেন এবং মনে ধারণ করেছেন যে মেয়েদের শিক্ষিত করতে হবে। তখনো ইংল্যান্ড, আমেরিকা, ভারত মেয়েদের শিক্ষা নিয়ে চিন্তা করেনি।

বাঙালি স্বপ্ন দেখতে জানে এবং কিভাবে বাস্তবায়ন হবে তাও জানে। সে হিসেবে আমরা ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন দেখছি এবং তা বাস্তবায়ন হবে।

বক্তব্যের আগে তিনি ২০০৮ সালে এসএসসি পরীক্ষায় ভালো ফলাফলের জন্য মেধাবীদের হাতে পুরস্কার তুলে দেন। পরীক্ষায় ভালো ফলাফলের জন্য ছাত্রছাত্রী এবং অভিভাবকদের অভিনন্দন জানান তিনি। নতুন পরীক্ষার্থীদের আরো ভালো ফলাফল করে দেশের উজ্জ্বল নক্ষত্র হওয়ার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেগম জেবুন্নেছা আকবর, স্কুল পরিচালনা পরিষদের চেয়ারম্যান মেজর জেনারেল মোস্তাফিজুল আকবর, ডাইস চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল কিউ এম শাহজাহান হাফিজ এবং প্রিন্সিপাল প্রফেসর শাহীন আহমেদ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠান শেষে স্কুলের শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।